কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং: ১২.২০.০০০০.০০৪.০১৪.৩০.২৩/ ২৬০৫(১) তারিখ: ১৬/০৮/২০২৬ খ্রি:

অতিরিক্ত সচিব (গবেষণা)
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

**বিষয়: "Identification of Synergies and Anomalies in Acts and Regulations governing 6 ARI's" শীর্ষক কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ প্রসঙ্গে।**

সূত্র: (১) কৃষি মন্ত্রণালয়ের পত্র নং- ১২.০০.০০০০.০৬২.৯৯.০০১.২০ (বিএআরসি)-৩৩৫; তারিখ: ১০/১২/২০২০ খ্রিঃ;
(২) বিএআরসি'র পত্র নং-১২.২০.০০০০.০০১.৯৯.২১/৪৩৭; তারিখ: ০৩/০৩/২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন-২০১২ এর ১৩ নং আইনের "ক" তফসিলভুক্ত প্রতিষ্ঠানসমূহের গবেষণার মান উন্নয়নের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের বিগত ১০ ডিসেম্বর, ২০২০ খ্রি. তারিখের সূত্রস্থ ১নং পত্রের (কপি সংযুক্ত) প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক ইনস্টিটিউট বহির্ভূত ১০ সদস্য বিশেষজ্ঞ প্যানেল গঠন করা হয় (সূত্রস্থ পত্র-২; তারিখ: ০৩/০৩/২০২১ খ্রি.)।

বিশেষজ্ঞ প্যানেলের অন্যতম দায়িত্ব হচ্ছে জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের "ক" তফসিলভুক্ত গবেষণা প্রতিষ্ঠানসমূহের বিগত ০৫ (পাঁচ) বছরের গবেষণা কার্যক্রম ও অর্জনসমূহ মূল্যায়ন, মাঠ পর্যায়ে ব্যবহৃত প্রযুক্তিসমূহ এবং বিভিন্ন স্টেকহোল্ডার ও উপকারভোগী কর্তৃক ব্যবহার মাত্রা শনাক্তকরণ, গবেষণা কার্যক্রম পরিকল্পনা, পরিবীক্ষণ এবং কার্যক্রম বাস্তবায়নের জন্য গবেষণা প্রতিষ্ঠানসমূহকে কৌশলগত দিকনির্দেশনা প্রদান।

উক্ত বিশেষজ্ঞ প্যানেল ইতোমধ্যে প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা উন্নতকরণ বিষয়ে সুপারিশ প্রদানের জন্য ৬টি এআরআই প্রতিষ্ঠানের (BARI, BRRI, BINA, BJRI, BSRI & BWMRI) আইন এবং বিধি সম্পর্কে তথ্য সংগ্রহ করেছেন। এ প্রেক্ষিতে বিএআরসি কর্তৃক আগামী ১৮ আগস্ট ২০২৬ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার দুপুর ০২:০০ ঘটিকায় সম্মেলন কক্ষ-১, বিএআরসি, ফার্মগেট, ঢাকায় "Identification of synergies and anomalies in Acts and Regulations Governing 6 ARIS" শীর্ষক একটি কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহের জন্য সদয় অনুরোধ করা হলো।

Jalam
১৬/০৮/২০২৬

(ড. মোঃ আবদুছ ছালাম)
নির্বাহী চেয়ারম্যান (রু. দা.)
ফোন: +৮৮০-২-৪১০২৫২৫২
ই-মেইল: ec-barc@barc.gov.bd

**সংযুক্তি:**
* সূত্রস্থ পত্র- ১ ও ২।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বিএআরসি, ফার্মগেট, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।